

২০১৮

বাংলা — সাম্মানিক

সপ্তম পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। (ক) ভ্রমণসাহিত্য বলতে কী বোঝ? ভ্রমণসাহিত্যের প্রধান লক্ষণগুলি উল্লেখ করো। বাংলা সাহিত্যের একটি উল্লেখযোগ্য ভ্রমণরচনা অবলম্বনে লক্ষণগুলি দেখাও।

৪+৬+৮

অথবা

- (খ) যে-কোনো দু'টি বিষয়ে আলোচনা করো : ৯×২
- (অ) ব্যক্তিগত প্রবন্ধ
- (আ) বাস্তববাদী সমালোচনা পদ্ধতি
- (ই) ডায়ারি ও পত্রসাহিত্যের সাদৃশ্য, বৈসাদৃশ্য
- (ঈ) রম্যরচনা।

২। (ক) 'আমার মন' প্রবন্ধটি সরস লঘু রসের আধারে উপস্থাপিত কিন্তু অন্তরের কথাটি গভীর অনুভবের। — প্রবন্ধটি অবলম্বনে আলোচনা করো। ১২

অথবা

(খ) সমালোচকের মতে 'কমলাকান্তের দপ্তর'-এর কমলাকান্ত চক্রবর্তী বঙ্কিমের মুখোশহীন মুখ। — পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করো। ১২

৩। (ক) "তোমার কথাগুলি ভারি সোশিয়ালিস্টিক! সমাজ বিশৃঙ্খলার মূল!" — কোন্ রচনার অংশ? প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ১+৩

অথবা

(খ) 'যদি অন্য কেহ তোমার প্রণয়ভাগী না হইল, তবে তোমার মনুষ্যজন্ম বৃথা' — কোন্ রচনার অংশ? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৩

৪। (ক) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-এর চিঠিগুলিতে রয়েছে চলিত গদ্যের আশ্চর্য নৈপুণ্য। — পাঠ্য চিঠিগুলি অবলম্বনে এই গদ্যরীতির পরিচয় দাও। ১২

অথবা

(খ) 'ছিন্নপত্র'-এর চিঠিগুলিতে বিবৃত জীবন অভিজ্ঞতা সমকালের ছোটগল্প সৃষ্টিতে কীভাবে প্রতিফলিত হয়েছে, আলোচনা করো। ১২

[Turn Over]

৫। (ক) ‘আমাদের দু’জনকার মধ্যে একটা খুব গভীর এবং সুদূরব্যাপী চেনাশোনা আছে।’ — ‘দু’জন’ বলতে কাদের বোঝানো হয়েছে? ‘সুদূরব্যাপী চেনাশোনা’র অর্থ বুঝিয়ে দাও।

১+৩

অথবা

(খ) ‘মানুষের মনখানাও ঠিক ঐ প্রকান্ড প্রকৃতির মতো রহস্যময়’ — কোন্ চিঠির অংশ? চিঠিটি অবলম্বনে তাৎপর্য ব্যাখ্যা করো।

১+৩

৬। (ক) ‘এ ছবি তাই আসল পটুয়া ছবি নয়; এর ভাষা রয়েছে গেল গ্রাম্য, এর বক্তব্যে এল শহর।’ — এখানে কোন্ ছবির কথা বলা হয়েছে? ‘আসল পটুয়া ছবি’র সঙ্গে এই ছবির পার্থক্য কোথায়? ‘পটুয়া শিল্প’ প্রবন্ধ অবলম্বনে বাংলার নিজস্ব সম্পদ সেই প্রকৃত ‘পটুয়া ছবি’র মূল বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৩+৪+৮

অথবা

(খ) যে দেশে বহু ভাষা ও বহু ধর্ম, সে দেশে ভাষা ও ধর্ম সংক্রান্ত সমস্যা সমাধানের উপায় কী বলে প্রাবন্ধিক মনে করেছেন, তা সংশ্লিষ্ট প্রবন্ধটি অবলম্বনে আলোচনা করো।

১৫

৭। (ক) ‘বিষয়বস্তু ও রূপ দুই-ই আবার কাল থেকে কালে বদলায়’ — ‘আধুনিক সাহিত্য’ প্রবন্ধ অবলম্বনে কালের প্রেক্ষিতে ‘বিষয়বস্তু’ ও ‘রূপ’ সম্পর্কিত লেখকের বক্তব্যটি বিশ্লেষণ করো।

১৫

অথবা

(খ) ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের উত্তরসাধকদের সংকটের স্বরূপ বিশ্লেষণ করো।

১৫

৮। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো:

২০

- (ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে দেবতা ও মানুষ
- (খ) মধ্যযুগে চেতনা-ভারান্দোলন ও বাংলা সাহিত্য
- (গ) বঙ্কিমচন্দ্রের উপন্যাস
- (ঘ) প্রথম বিশ্বযুদ্ধ-পরবর্তী বাংলা কবিতা
- (ঙ) বাংলা নাটকে প্রতিবাদী চেতনা
- (চ) রবীন্দ্র সাহিত্যে স্বদেশ-চেতনা
- (ছ) বাংলা সাহিত্যে আত্মজীবনী
- (জ) বাংলা সাহিত্য ও চলচ্চিত্র।